রপ্তানি বৃদ্ধি
জাতির সমৃদ্ধি

# রপ্তানি উন্নয়ন ব্যুরো
# EXPORT PROMOTION BUREAU

Export Promotion Bureau
Bangladesh

নং-২৬.০২.০০০০.০৫২.৬৭.৯৪২.১৯/ ৫৫৮৪

তারিখঃ ২২-০১-২০২০ ইং

**বিষয়ঃ টিন নাম্বার ভিত্তিক REX নাম্বার প্রদানে একাধিক প্রতিষ্ঠান সম্বলিত গ্রুপ অব কোম্পানীদের জন্য উদ্ভুত জটিলতা নিরসন এবং Rex Registration Number প্রদান কার্যক্রম সমাপ্তকরণের লক্ষ্যে গ্রেস পিরিয়ড হিসেবে সময় বৃদ্ধি সংক্রান্ত পত্র।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, একটি Tax Identification Number (TIN) এর বিপরীতে গ্রুপভূক্ত/ব্যক্তি মালিকানাধীন একাধিক প্রতিষ্ঠানকে REX Registration Number প্রদানে উদ্ভুত জটিলতা নিরসনের জন্য বিগত ০৭-০১-২০২০ তারিখে রপ্তানি উন্নয়ন ব্যুরোতে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় এ বিষয়ে আলোচনা হয় যে, গ্রুপভূক্ত প্রতিষ্ঠানের একটি TIN Number এর আওতায় একাধিক প্রতিষ্ঠান অন্তর্ভূক্ত রয়েছে এবং তারা একটি TIN ব্যবহার করে পৃথক পৃথক ভাবে REX নাম্বার বরাদ্দের জন্য আবেদন করেছে যা ইউরোপীয় ইউনিয়নের IT System -এ গ্রহণীয় নয়। কারণ EU IT System এ একটি Unique নাম্বারের বিপরীতে একটি REX Registration Number প্রদানের বিধান রয়েছে।

০২। গ্রুপভূক্ত/ব্যক্তি মালিকাধীন একাধিক প্রতিষ্ঠানের Certificate of Incorporation এবং Trade Identification Number (TIN) এর কপিতে প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকে। সেখানে ইউনিট বা অন্যান্য গ্রুপভূক্ত প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকে না। কোন কারনে কোন প্রতিষ্ঠানের Rex Registration-এর রিভোকেশনের মত পরিস্থিতির উদ্ভব হলে প্রতিষ্ঠানের নামকেই রিভোক করতে হবে। এক্ষেত্রে গ্রুপের অপর কোন প্রতিষ্ঠানের জিএসপি সুবিধা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। উল্লেখ যে, ইতোপূর্বে এ ধরনের বেশ কয়েকটি প্রতিষ্ঠান যেমনঃ SAAD MUSA FABRICS LTD. UNIT-2, SAAD MUSA FABRICS LTD. UNIT-3, GARIB & GARIB CO. LIMITED UNIT-2, DIVINE TEXTILE LTD. UNIT-2 প্রতিষ্ঠানসমূহ গ্রুপভূক্ত/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও স্বতন্ত্র TIN নাম্বার নিয়ে স্বতন্ত্র REX Registration Number গ্রহণ করেছে। এক্ষেত্রে, ষ্ট্যান্ডার্ড গ্রুপ, আজিম গ্রুপ, এনভয় গ্রুপ ও অন্যান্য গ্রুপভূক্ত প্রতিষ্ঠানসমূহ স্বতন্ত্র TIN নাম্বার গ্রহণপূর্বক REX Registration Number গ্রহণ করতে পারবে মর্মে রপ্তানি উন্নয়ন ব্যুরো মনে করে।

০৩। উল্লেখ্য, বাংলাদেশে Registered Exporters System বাস্তবায়নের সময়সীমা ছিল ৩১ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত নির্ধারিত ছিল। বাংলাদেশ থেকে ইউরোপীয় ইউনিয়নে রপ্তানিকারকের সংখ্যা বিবেচনায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর আবেদনের প্রেক্ষিতে EU বাংলাদেশের Rex Registration Number প্রদান কার্যক্রম সমাপ্তকরণে গ্রেস পিরিয়ড হিসেবে সয়সীমা ৩০শে জুন, ২০২০ পর্যন্ত সময় বৃদ্ধি করেছে। উক্ত সময় অতিবাহিত হওয়ার পর কোনভাবেই GSP Form-A ইস্যুর সুযোগ থাকবে না।

০৪। বর্ণিত অবস্থায়, REX Registration Number গ্রহণে গ্রুপভূক্ত/ব্যক্তি মালিকাধীন প্রতিষ্ঠানসমূহকে স্বতন্ত্র TIN নাম্বার গ্রহণ করার এবং বাংলাদেশে Rex Registration Number প্রদান কার্যক্রম সমাপ্তকরণের গ্রেস পিরিয়ড আগামী ৩০ জুন, ২০২০ সময় পর্যন্ত বৃদ্ধির বিষয়টি আপনার এসোসিয়েশনের সংশ্লিষ্টকে অবহিত করার জন্য বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

২২/০১/২০২০

(সামছুদ্দিন আহমেদ)
পরিচালক

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

০১। সভাপতি, এফবিসিসিআই, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
০২। সভাপতি, বিজিএমইএ, কমপ্লেক্স, হাউজ # ৭/৭ এ, ব্লক # এইচ ১,সেক্টর#১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০৩। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৪। সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৫। সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৬। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
০৭। সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ২১৪/ডি, তেজগাঁও, ঢাকা।
০৮। সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন পল্টন টাওয়ার স্যুট নং-৬০৩-৬০৪, পুরানা পল্টন লেন (৭ম তলা), ঢাকা।
০৯। সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল এন্ড লিনেন ম্যানুফ্যাকচারাস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিটিটিএলএমইএ), পল্টন টাওয়ার (৬ষ্ঠ তলা), ৮৭ পুরানা

১০। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন, ইউনিক ট্রেড সেন্টার লেভেল-৮, ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
১১। সভাপতি, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, ৩৮, টিপু সুলতান রোড, ঢাকা।
১২। সভাপতি, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি, বি-২২০/২২৪, শপিং সেন্টার (৪র্থ তলা), গুলশান, ঢাকা।
১৩। সভাপতি, বাংলাদেশ শিপ বিল্ডার্স এসোসিয়েশন, ১০৩, মহিঝিল বা/এ (নীচ তলা), ঢাকা।
১৪। সভাপতি, বাংলাদেশ মেরিন ফিসারিজ এসোসিয়েশন, ১৩/এ, সেন্টার পয়েন্ট কনকর্ড, স্যুট-১৩/এ (১৪ তলা), ফার্মগেট, ঢাকা।
১৫। প্রেসিডেন্ট, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, গুলশান প্রেস, ২/বি (২য় তলা), বাড়ী-৮, দক্ষিণ এভিনিউ, গুলশান-১, ঢাকা।
১৬। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন, স্কাইলার্ক পয়েন্ট (১০ম তলা), ২৪/এ, বিজয়নগর, নর্থ সাউথ রোড, ঢাকা।
১৭। সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার ইনফরমেশন সার্ভিসেস, বিএসআরএস ভবন, (১৫তলা), ১২ কাওরান বাজার ঢাকা।
১৮। সভাপতি, বাংলাদেশ ফিনিসড্ লেদার, লেদারগুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউজ ৩১/বি, রোড-২, ধানমন্ডি, ঢাকা।
১৯। সভাপতি, বাংলাক্রাফট, ৭-৯, কাওরান বাজার (৪র্থ তলা), ঢাকা।
২০। সভাপতি, বাংলাদেশ লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ইরেক্টরস হাউজ (১০ম তলা), ১৮, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী বা/এ, ঢাকা।
২১। প্রেসিডেন্ট, বাংলাদেশ এগ্রো-প্রসেসরস এসোসিয়েশন, নাভানা নিউবুরী প্লেস (৬ষ্ঠ তলা), ফ্ল্যাট নং-ডি/৬ ৪/১/এ সোবহানবাগ, ধানমন্ডি, ঢাকা।
২২। সভাপতি, বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, ৩/১২, নয়াপল্টন, ঢাকা।
২৩। সভাপতি, বাংলাদেশ ফ্রুটস ভেজিটেবলস এন্ড এলাইড প্রোডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন, ২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড (৬ষ্ঠ তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
২৪। সভাপতি, বাংলাদেশ সিরামিকওয়্যার ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাসান হোল্ডিং (৪র্থ তলা), ৫২, নিউ ইস্কাটন রোড, টিএমসি বিল্ডিং (৯ম তলা), ঢাকা।

**অনুলিপি (কার্যার্থে):**

১। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, চেম্বার ম্যানসন (৩য় তলা), ৫, কেডিএ বা/এ, খুলনা।
২। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, হাজেরা ভিলা (৪র্থ তলা), সাহেব বাজার (মিঞা পাড়া), নাটোর রোড, রাজশাহী।
৩। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), ১১০২/এ, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৪। উপ-পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বখত চেম্বার, সুবহানী ঘাট, বিশ্ব রোড, সিলেট।
৫। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ব্যুরোর ওয়েবসাইডে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
৬। সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সাত্তার টাওয়ার (৫ম তলা), ৫০, এসএম মালেহ রোড, টানবাজার, নারায়নগঞ্জ।
৭। সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, হোল্ডিং-৮৪৫ (৩য় তলা), বিসিক গেইট, রানীর বাজার, কুমিলস্না।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১। স্টাফ অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পি এ টু মহা-পরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহা-পরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। পি এ টু মহা-পরিচালক-২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহা-পরিচালক-২ মহোদয়ের সদয় অবগতির জন্য)।